গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীন ঝালকাঠি জেলার
নলছিটি উপজেলায় আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প এর আবাসিক প্লট বরাদ্দের

## প্রসপেক্টাস ও আবেদন পত্র

NHA

মূল্যঃ ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র।


**জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ**

গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা।

www.nha.gov.bd

# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীনে ঝালকাঠি জেলার নলছিটি উপজেলায় আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প এর আবাসিক প্লট বরাদ্দের

# প্রসপেক্টাস-২০২৩

## ১.০ আবেদনকারীর যোগ্যতা

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীন ঝালকাঠি জেলার নলছিটি উপজেলায় প্লট উন্নয়ন প্রকল্প এর আবাসিক প্লট বরাদ্দ প্রাপ্তির জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিক / ব্যক্তিগণ ক্রয়কৃত প্রসপেক্টাস এর সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে বিজ্ঞাপনে প্রকাশিত তারিখের মধ্যে আবেদন দাখিল করতে পারবেন।

১.১ আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

১.২ বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) প্লট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন এবং তাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক / বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.nha.gov.bd) হতে প্রসপেক্টাস ও আবেদনপত্র ডাউনলোড করে প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রসহ বরাবরে Chairman National Housing Authority, 82, Segunbagicha, Dhaka-1000, Bangladesh ঠিকানায় ডাকমাশুলের খরচসহ প্রেরণ করতে হবে। প্রসপেক্টাস বাবদ ১৫.০০ মার্কিন ডলার এবং প্লট বরাদ্দের জন্য নির্ধারিত জামানতের টাকার সমপরিমান মার্কিন ডলার একত্রে Chairman National Housing Authority এর নামে FC A/C.No. 0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDHA002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, Bangladesh এ জমা প্রদান করে মূল মানি রশিদের ফটোকপি আবেদন পত্রের সাথে প্রেরণ করতে হবে।

১.৩ যদি কারো ঝালকাঠি জেলার পৌর এলাকা / নলছিটি উপজেলার মধ্যে নিজের নামে, স্ত্রী / স্বামী / সন্তান / পোষ্যের নামে বা বেনামে ইতোপূর্বে বসবাসের জন্য কোন ঘরবাড়ী / সাবেক গৃহসংস্থান অধিদপ্তর (বর্তমানে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) অথবা অন্য কোন সরকারি / আধাসরকারি / স্বায়ত্বশাসিত সংস্থা হতে প্লট বরাদ্দ পেয়ে থাকলে দরখাস্ত করিবার যোগ্য হইবেন না। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমাণিত হইলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দের আদেশ বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হইবে।

১.৪ আবেদনকারীর বয়স ০১-০১-২০২৩ খ্রিঃ তারিখে নূন্যতম ২৫ (পঁচিশ) বছর হতে হবে।

১.৫ মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধার সন্তান / স্ত্রী এই প্রকল্পে প্লট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন।

## ২.০ প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয় ও জমা

২.১ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ওয়ান ব্যাংক লিমিটেড এর নিম্নলিখিত শাখা সমূহ হতে ব্যাংক চলাকালীন সময়ে ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ প্রদান সাপেক্ষে প্রসপেক্টাস ক্রয় ও আবেদনপত্র দাখিল করা যাবে।

(০১) ঢাকা, গৃহায়ন ভবন উপ-শাখা, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০। (০২) ঢাকা, শ্যামলী রিং রোড শাখা, শম্পা সুপার মার্কেট, ৬/৭, আদর্শ ছায়ানীড়, রিং, রোড, শ্যামলী, ঢাকা। (০৩) ঢাকা, মিরপুর শাখা, আর এস এইচ টাওয়ার, প্লট নং-২৩, রোড নং-৩, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা। (০৪) রাজশাহী, রাজশাহী শাখা, ৮৮-৯১ স্টেশন রোড, রানিবাজার, বোয়ালিয়া, রাজশাহী। (০৫) বগুড়া, বগুড়া শাখা, ৭৩২/এ, বাবু টাওয়ার, বগুড়া-রংপুর সড়ক, বড়গোলা, বগুড়া। (০৬) রংপুর, রংপুর শাখা, শাহ বাড়ী টাওয়ার, ২৮৬, স্টেশন রোড, পুষ্পপাড়া, রংপুর। (০৭) বরিশাল, বরিশাল শাখা, কে জাহান সেন্টার, ১০৬, সদর রোড, কোতয়ালী, বরিশাল। (০৮) খুলনা, খুলনা শাখা, জে কে টাওয়ার, ৭৯, যশোর রোড, পিকচার প্যালেস, খুলনা। (০৯) চট্টগ্রাম, সিডিএ এভিনিউ শাখা, এভিনিউ সেন্টার, ৭৮৭/এ, সিডিএ এভিনিউ, পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম। (১০) সিলেট, সিলেট শাখা, ফিরোজ সেন্টার, ৮৯১/ক, চৌহাটি, সিলেট। (১১) কুমিলা, কুমিলা শাখা, হোল্ডিং নং-৩৪৯, শহীদ খাজা নাজিম উদ্দিন রোড, বাদুরতলা, কোতয়ালী, কুমিল্লা। (১২) নোয়াখালী, মাইজদী কোর্ট শাখা, মাইজদী পৌর সুপার মার্কেট, মাইজদী কোর্ট, ওয়ার্ড নং-০৪, নোয়াখালী পৌরসভা, নোয়াখালী। (১৩) যশোর, যশোর শাখা, এম, এস অর্কিড সেন্টার, ৪৪, এম, কে রোড, যশোর। (১৪) কুষ্টিয়া, কুষ্টিয়া শাখা, খুশি প্লাজা, ২৫৮, এন, এস রোড, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া। (১৫) ফরিদপুর, ফরিদপুর শাখা, লাম শাহজাদী টাওয়ার, ২১৩, আলীপুর রোড, ফরিদপুর সদর, ফরিদপুর।

২.২ প্রত্যেক আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত হারে জামানতের টাকা চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, এর অনুকুলে যে কোন তফসীলভুক্ত / বাণিজ্যিক ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট / পে অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে : (খুলনা হতে কালেকশনযোগ্য)

৫.০০ কাঠা আয়তনের প্লটের জন্য ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র।

২.৫০ কাঠার উর্দ্ধে, ৩.০০ কাঠা এবং ৩.০০ কাঠার উর্দ্ধে প্লটের জন্য ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা মাত্র ।

২.৩ যারা প্লট পাবেন না তাদের জামানতের টাকা বরাদ্দ প্রাপকের তালিকা প্রকাশের পর নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা অফিস হতে অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে আবেদনকারীর এ্যাকাউন্টে প্রেরণ করা হবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হবে না।

২.৪ সকল আবেদনকারী তাদের জামানতের টাকা যে ব্যাংক ও একাউন্ট নম্বরে ফেরত পেতে ইচ্ছুক তার একাউন্ট নম্বর, ব্যাংকের নাম, রাউটিং নম্বর ও ঠিকানা আবেদনপত্রে উল্লেখ করবেন। যে সকল আবেদনকারী প্লট পাবেন না অথবা প্লট পেলে পরবর্তীতে নিতে আগ্রহী হবেন না তাদের জামানতের টাকা উক্ত একাউন্ট নম্বর ও ঠিকানায় আবেদন সাপেক্ষে অনলাইন ব্যাংকিং এ প্রেরণ করা হবে।

## ৩.০ প্লটের আয়তন, মূল্য, সংখ্যা এবং প্লটের দখল হস্তান্তর সংক্রান্ত

৩.১ কাঠা প্রতি জমির আনুমানিক মূল্য = ৫,১৩,০০০/- (কথায়-পাঁচ লক্ষ তের হাজার) টাকা মাত্র। নিম্নে প্লটের মূল্য ও আনুমানিক সংখ্যা দেয়া হলোঃ

| ক্রমিক নং | প্লটের আয়তন (কম / বেশী) | প্লটের সংখ্যা |
|---|---|---|
| ০১ | ৫.০০ কাঠা | ১৮ টি |
| ০২ | ৩.০০ কাঠা এবং এর উর্দ্ধে | ৮০ টি |
| ০৩ | ২.৫০ কাঠার উর্দ্ধে | ০৫ টি |

## ৪.০ প্লটের কিস্তি পরিশোধ সংক্রান্ত

৪.১ বরাদ্দ প্রাপক প্লটের মূল্য একাধিক কিস্তিতে অথবা এককালীন পরিশোধ করতে পারবেন।

(ক) প্রথম কিস্তিঃ বরাদ্দকৃত জমির মোট মূল্যের ৪০% টাকা বরাদ্দ পত্র জারীর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। আবেদনের সময় জামানত হিসেবে প্রদত্ত টাকা প্রথম কিস্তির সাথে সমন্বয় করা হবে। (খ) দ্বিতীয় কিস্তিঃ বরাদ্দ পত্র জারীর ১২ (বার) মাসের মধ্যে ৯% সুদসহ মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করতে হবে। (গ) তৃতীয় কিস্তিঃ বরাদ্দ পত্র জারীর ১৮ (আঠার) মাসের মধ্যে মোট ৯% সুদসহ মুল্যের ২০% টাকা পরিশোধ করতে হবে। (ঘ) চতুর্থ কিস্তিঃ বরাদ্দ পত্র জারীর ২৪ (চবিবশ) মাসের মধ্যে ৯% সুদসহ মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করতে হবে।

অর্থাৎ সর্বমোট ১০০% মূল্য পরিশোধ করতে হবে।

৪.২ বরাদ্দপত্র জারীর ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে প্লটের মূল্য সুদ ব্যতিত এককালীন পরিশোধ অথবা জমির ৪র্থ কিস্তির টাকা পরিশোধের ৬ (ছয়) মাস পর আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে প্লটের বাস্তব দখল হস্তান্তরসহ লীজ দলিল রেজিস্ট্রি করার ব্যবস্থা গ্রহণ করা হবে। এর যাবতীয় ব্যয়ভার বরাদ্দ গ্রহিতাকে বহন করতে হবে।

৪.৩ লীজ দলিল সম্পাদনের ৫ (পাঁচ) বৎসরের মধ্যে অবশ্যই জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর ছাড়পত্র এবং স্থানীয় পৌর কর্তৃপক্ষ / প্রকল্প এলাকার জন্য সরকার নির্ধারিত কর্তৃপক্ষর অনুমোদিত নকশা অনুযায়ী বাড়ী নির্মাণ করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল পূর্বক জমাকৃত অর্থের ৫% বাজেয়াপ্ত করিয়া অবশিষ্ট অর্থ ফেরত দেওয়া হইবে।

৪.৪ যারা বরাদ্দের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জমির মূল্যের প্রথম কিস্তির টাকা পরিশোধ করতে ব্যর্থ হবেন তারা অতিরিক্ত ০৩ (তিন) মাস পর্যন্ত ৯% সুদসহ ১ম কিস্তির টাকা পরিশোধ করতে পারবেন। অন্যথায় তাহাদের বরাদ্দপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন নোটিশ জারী করা হবে না।

৪.৫ প্রথম কিস্তির টাকা প্রদানের পর যারা সময়মত অন্যান্য কিস্তির মূল্য পরিশোধ করতে ব্যর্থ হবেন, তাদেরকে কিস্তির জন্য নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ৯০ (নববই) দিন পর্যন্ত খেলাপী টাকার উপর ১৩% হারে, ৯০ (নববই) দিন অতিক্রান্ত হলে খেলাপী টাকার উপর ০৬ (ছয়) মাস পর্যন্ত ১৬% হারে সুদসহ টাকা গ্রহণ করা যাবে। তবে ৬ (ছয়) মাসের অধিক সময় খেলাপী হলে কেন বরাদ্দ বাতিল করা হবে না তার ব্যাখ্যা চাওয়া হবে এবং যুক্তিসংগত কারন বিবেচনায় ০১ (এক) বছর পর্যন্ত ১৮% এবং ০৩ (তিন) বছর পর্যন্ত ২১% হারে সুদ নেওয়া যাবে। তবে খেলাপী কাল ০৩ (তিন) বছরের অধিক হলে বরাদ্দ বাতিল হবে। তবে যুক্তিসংগত কারন বিবেচনায় যে কোন মেয়াদী খেলাপী বিষয়ে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদক্রমে কেস টু কেস নিস্পত্তি করা যাবে। খেলাপীর কারনে বরাদ্দ বাতিলের ক্ষত্রে জমাকৃত টাকার ২০% কর্তন পূর্বক অবশিষ্ট টাকা সুদবিহীন ফেরত দেয়া হবে।

৪.৬ বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ নির্ধারিত "এফসি" একাউন্টস্ এর মাধ্যমে অথবা বাংলাদেশী মুদ্রায় জমির মূল্য পরিশোধ করতে পারবেন। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ জমাকৃত অর্থ ফেরত দিলে তা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হবে। বৈদেশিক মুদ্রায় বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পেলে তা গ্রহণে সম্মত থাকতে হবে।

## ৫.০ প্লট সমর্পণ

৫.১ আবেদনকারীগণ প্লট বরাদ্দ পাওয়ার পর ১ম কিস্তি পরিশোধের পূর্বে প্লট নিতে ইচ্ছুক না হলে জামানতের টাকা হতে ৫% কর্তন পূর্বক অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করা হবে।

৫.২ প্লটের ৩য় কিস্তি পরিশোধের পর প্লটটি আর সমর্পণ করা যাবে না, তবে মৃত্যুজনিত কারনে প্লট সমর্পণের ক্ষত্রে জমাকৃত অর্থ হতে ৫% কর্তন পূর্বক অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করা হবে। তবে বরাদ্দ গ্রহিতা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষর অনুমোদনক্রমে বরাদ্দকৃত প্লট বিক্রয় / বন্ধক / লীজ / বায়না / পাওয়ার অব এটর্নী (আম-মোক্তার) প্রদান করতে পারবেন।

## ৬.০ বরাদ্দ বাতিলকরণ, উচ্ছেদ করণ / প্লটের বরাদ্দ হতে অব্যাহতি গ্রহণ

৬.১ প্লট গ্রহীতা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষর লিখিত পূর্বানুমোদন ব্যতিত বন্ধক, লীজস্বত্ব, বায়না, পাওয়ার অব এটর্নী (আম-মোক্তার) প্রদান করতে পারবেন না। এই শর্ত ভঙ্গের কারনে কোন কারণ দর্শানো ব্যতিত তার বরাদ্দপত্র বাতিল করা হবে।

৬.২ জমির মূল্য সাময়িকভাবে কাঠা প্রতি জমির আনুমানিক মূল্য = ৫,১৩,০০০/- (কথায়-পাঁচ লক্ষ তের হাজার) টাকা মাত্র ধার্য করা হয়েছে। যে কোন কারনে প্রকল্পের উন্নয়ন ব্যয় বৃদ্ধি পেলে উক্ত জমির মূল্য আনুপাতিকহারে বৃদ্ধি পাবে, যা পরিশোধে সম্মত থাকতে হবে। উক্ত বর্ধিত মূল্য বরাদ্দ প্রাপককে শেষ কিস্তির সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় বরাদ্দপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানতের টাকা (সুদবিহীন) ফেরত দেওয়া হবে।

৬.৩ একান্নভুক্ত পরিবার হলে মাত্র একটি আবেদন করা যাবে। একান্নভুক্ত পরিবারের সদস্যগণ একাধিক প্লট পেলে এবং তা কোন সময়ে প্রমাণিত হলে, প্লটটি বাতিল করা হবে এবং প্লটের জন্য জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে। তবে বিষয়টি ক্ষতিগ্রস্থ ক্ষত্রে প্রযোজ্য নয়।

৬.৪ অসম্পূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। ইচ্ছাকৃতভাবে তথ্য গোপন করলে বা ভুল তথ্য প্রদান করলে এবং প্রমাণিত হলে, বরাদ্দপত্র বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

## ৭.০ প্লট বরাদ্দ প্রদানের নিয়মাবলী / শর্তাবলী

৭.১ আবেদনকারীকে তাহার পেশা হিসাবে নিম্নবর্ণিত গ্রুপের যে কোন পেশা উল্লেখ করতে হইবে। কোন আবেদনকারীকে নিম্নবর্ণিত (ক) গ্রুপ হতে (ট) গ্রুপ অন্তর্ভূক্ত না হইলে অন্যান্য (ড) গ্রুপে তাহার পেশার বিষয় উল্লেখ করতে হবে। কোন কোটায় প্লটের প্রাপ্যতা অপেক্ষা দরখাস্ত কম হলে অথবা দরখাস্ত না পাওয়া গেলে অবশিষ্ট প্লটসমহ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী নির্দিষ্ট কোটায় সরাসরি সংযোজিত হবে।

| ক্রমিক নং | ক্যাটাগরী | কোটার হার |
|---|---|---|
| (ক) | সরকারী কর্মকর্তা / কর্মচারী | ১৮% |
| (খ) | অধাসরকারী / স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা / কর্মচারী | ০৬% |
| (গ) | বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী | ০৭% |
| (ঘ) | বিদেশে কর্মরত ব্যক্তি | ০৫% |
| (ঙ) | মুক্তিযোদ্ধা | ০৬% |
| (চ) | ব্যবসায়ী | ০৭% |
| (ছ) | অবসরপ্রাপ্ত চাকুরীজীবি | ০৪% |
| (জ) | মন্ত্রণালয় এবং জাগৃক এ চাকুরীরত কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য নির্ধারিত | ০৬% |
| (ঝ) | অর্থ বিভাগ, আইএমইডি এবং পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা / কর্মচারীদের জন্য নির্ধারিত | ০১% |
| (ঞ) | গৃহসংস্থান অধিদপ্তর কর্তৃক প্রকল্প এলাকার অধিগ্রহণকৃত ক্ষতিগ্রস্থ লোকজন | ০৪% |
| (ট) | বিশেষ পেশা (শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, প্রকৌশলী, চিকিৎসক, আইনজীবী ইত্যাদি) | ০৪% |
| (ঠ) | সংরক্ষিত (মাননীয় মন্ত্রী মহোদয় ৪০%, সচিব মহোদয় ৩০%, চেয়ারম্যান, জাগৃক মহোদয় ৩০%) | ২৫% |
| (ড) | অন্যান্য | ০৭% |

বিশেষ দ্রষ্টব্যঃ বর্ণিত ঠ কোটায় সরাসরি কেউ আবেদন করিতে পারিবেন না। উক্ত কোটায় মন্ত্রণালয় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক বরাদ্দ দেওয়া হবে।

৭.৩ সরকারী কর্মকর্তা / কর্মচারীদের ১০০ নম্বরের বিভাজন নিম্নরূপঃ

ক) বয়স-৫৯ (সর্বোচ্চ)

খ) বর্তমান বেতন স্কেল (মুল বেতন)-২০ (সর্বোচ্চ)

খ) সরকারি চাকুরীর বয়স-২১ (সর্বোচ্চ)

(১-১০ বৎসর = ৭, ১১-২০ = ১৪, ২১-তদুর্দ্ধ = ২১)

৭.৪ সরকারি / আধা-সরকারি / স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তাদের জন্য অনুচ্ছেদ ৭.২ এ বর্ণিত কোটার হার / সংখ্যা এবং ৭.৩ এ বর্ণিত নম্বর বিভাজন অনুযায়ী সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের ক্রমানুসারে আবেদনকারীগণকে বরাদ্দ প্রদান করা হবে। একাধিক আবেদনকারীর প্রাপ্ত নম্বর একই হলে জন্ম তারিখের বয়োজ্যেষ্ঠ আবেদনকারীগণেকে বরাদ্দ প্রদান করা হবে। প্লটের নম্বর লটারীর মাধ্যমে নির্ধারণ করা হবে।

৭.৫ বেসরকারি ব্যক্তিদেরকে উম্মুক্ত লটারীর মাধ্যমে বরাদ্দ প্রাপক নির্বাচন করা হবে।

## ৮.০ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী / শর্তাবলী

৮.১ আবেদনকারীকে প্রকল্প এলাকার যে কোন স্থানে বরাদ্দকৃত প্লট গ্রহণে সম্মতি থাকতে হবে।

৮.২ বরাদ্দপ্রাপকের মৃত্যুজনিত কারনে বৈধ ওয়ারিশ / ওয়ারিশগণকে মৃত্যুর পরবর্তী ১ (এক) বছর সময়সীমার মধ্যে কর্তৃপক্ষ বরাবর লিখিত আবেদন করে তার / তাদের নামে বরাদ্দ সংশোধন করে নিবেন। মূল বরাদ্দপ্রাপকের উপর প্রযোজ্য সকল শর্তাবলী তার বৈধ ওয়ারিশগণের উপর বর্তাবে।

৮.৩ প্রকল্পটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষর স্ব-অর্থায়নে বাস্তবায়িত হবে।

৮.৪ বরাদ্দপ্রাপ্ত প্লটগুলি আবাসিক ব্যতিত অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না।

৮.৫ প্রকল্প এলাকায় সাইট ডেভেলপমেন্ট করে পর্যাপ্ত পরিমান রাস্তা নির্মাণ করা হবে। প্রকল্প এলাকায় মসজিদ, স্কুল, ফায়ার সার্ভিস, পাম্প হাউজ, ঈদগাহ, সাইট অফিস এবং খেলার মাঠের জন্য স্থান নির্দিষ্ট থাকবে। প্রকল্প এলাকায় সুয়ারেজ ট্রিটমেন্ট ইলেকট্রিক সাব-স্টেশন ও ডিপ-টিউবওয়েল স্থাপনের মাধ্যমে পানি সরবরাহের ব্যবস্থা করা হবে।

৮.৬ প্রসপেক্টাসে উল্লিখিত যে কোন শর্ত / শর্তাদি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ যে কোন সময়ে পরিবর্তন / পরিবর্ধন / সংযোজন / বিয়োজন এর ক্ষমতা সংরক্ষণ করে।

৮.৭ প্লটের সংখ্যা বেশী হলে আবেদনকরীগণের মধ্যে হতে পরবর্তীতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড সভার সিদ্ধান্তের সুপারিশের প্রেক্ষিতে প্লট বরাদ্দের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় চুড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবে।

## ৯.০ আবেদনকারীকে নিম্নে বর্ণিত কাগজপত্রাদি মূল আবেদনের সাথে দাখিল করতে হবে

৯.১ চাকুরীজীবি আবেদনকারীকে তার চাকুরীতে যোগদানের তারিখ, মূল বেতন, বেতন স্কেল, পদবী বিষয়ে স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হইতে প্রত্যয়ন সংগ্রহ করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৯.২ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধা সনদপত্র / সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৯.৩ অবসরপ্রাপ্ত চাকুরীজীবিকে অবসর গ্রহণের নোটিফিকেশন, শেষ বেতন স্কেল ও মোট বেতনের সার্টিফিকেট ১ম শ্রেণীর গেজেটেড অফিসার / স্বায়ত্বশাসিত সংস্থার ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতঃ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৯.৪ প্রকল্প এলাকার জমি অধিগ্রহণ জনিত ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণ যারা (এঃ) গ্রুপে আবেদন করবেন, তাদেরকে এওয়ার্ড সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৯.৫ বিশেষ পেশাজীবি (শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, প্রকৌশলী, চিকিৎসক, আইনজীবি ইত্যাদি) কোটায় আবেদনকারীগণকে স্ব স্ব উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র অবশ্যই দাখিল করতে হবে।

৯.৬ ব্যবসায়ী / শিল্পপতি কোটায় আবেদনকারীগণের ক্ষেত্রে অবশ্যই সনদ / ট্রেড লাইসেন্স সংযুক্ত করতে হবে।

৯.৭ প্রত্যেক আবেদনকারীকে অবশ্যই প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট / নোটারী পাবলিক এর সম্মুখে নির্ধারিত ছকে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ০১-০১-২০২৩ খ্রিস্টাব্দ তারিখের পরে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। (NRB) এর জন্য কর্মরত দেশের প্রচলিত ব্যবস্থা / বাংলাদেশ দূতাবাসের কোন কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

৯.৮ আবেদনকারীগণ যাদের বাৎসরিক আয় ৩,০০,০০০.০০/- (তিন লক্ষ) টাকার উর্দ্ধে তাদেরকে হালনাগাদ আয়কর রিটার্ন সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করতে হবে। চাকুরীজীবি আবেদনকারীদের বেতন স্কেল ও মাসিক বেতন সম্পর্কে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং প্রযোজ্য ক্ষেত্রে আয়কর সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের উক্ত সার্টিফিকেট বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। আবেদনকারীগণ, যাদের বাৎসরিক আয় ৩,০০,০০০.০০/- (তিন লক্ষ) টাকার নিচে, তাহাদের আয়ের স্বপক্ষে ১ম শ্রেণীর গেজেটেড অফিসার / স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত ১ম শ্রেণীর কর্মকর্তা / চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ / মেয়র, পৌরসভা কর্তৃক সার্টিফিকেট দাখিল করতে হবে।

৯.৯ আবেদনকারীর সঠিক বয়স প্রমাণের জন্য ১ম শ্রেণীর গেজেটেড অফিসার / স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত এস, এস,সি / সমমান পরীক্ষা পাশের সার্টিফিকেট/ভোটার আইডি কার্ড / জন্ম নিবন্ধন সনদ / ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / সিটি কর্পোরেশনের কমিশনারের সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

৯.১০ আবেদনপত্রের সাথে আবেদনপত্র ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করতে হবে।

## ১০.০ যে সকল কারনে আবেদনপত্র বাতিল হবে গণ্য হবে

১০.১ অসম্পূর্ণ / অস্বাক্ষরিত / অসত্য ক্রটিপূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র।

১০.২ ঘষামাজা / ফ্লুইড দেয়া আবেদনপত্র।

১০.৩ নিজ নামে ইস্যুকৃত আবেদনপত্র ব্যতীত অন্য আবেদনপত্র।

১০.৪ ফটোকপিকৃত আবেদনপত্র।

## ১১.০ চুক্তিপত্র সম্পাদন

১১.১ দখলপত্র গ্রহণের সময় বরাদ্দ প্রাপককে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষর সাথে নির্ধারিত সকল শর্তাবলী প্রতিপালনের লক্ষ্য ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে "চুক্তিপত্র" সম্পাদন করতে হবে।

## ১২.০ ইজারা দলিল সম্পাদন

১২.১ প্লটের সমুদয় মূল্য পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজস্ব ব্যয় ও উদ্যোগে জাতীয় গৃহায়ন কতৃপক্ষর সাথে ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করতে হবে।

১২.২ প্লট বরাদ্দ প্রাপকগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষর অন্য কোন প্রকল্পের বা কোন হাউজিং এস্টেট এর জন্য প্রযোজ্য কোন শর্ত / সুবিধাকে এই প্রকল্পের ক্ষত্রে প্রযোজ্য বলিয়া দাবী করতে পারবেন না।

১২.৩ প্রসপেক্টাস অনুমোদনকারী কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময় প্রসপেক্টাসে বিদ্যমান অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করে।

১২.৪ এ প্রসপেক্টাসে উল্লেখিত যে কোন শর্ত সম্পর্কে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষর ব্যাখ্যা চূড়ান্ত মর্মে বিবেচিত হবে এবং তা সংশ্লিষ্ট সকলের সমভাবে প্রয়োগযোগ্য হবে।

চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।
ফোন : (০২) ৯৫৬২৭৬২
E-mail-chairman@nha.gov.bd

১ কপি
রঙ্গীন ছবি

পরিশিস্ট-খ
৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে
"হলফ নামার নমুনা"

আমি :.......................................................................................................................................

পিতাঃ .......................................................................................................................................

স্বামী / স্ত্রীঃ ..................................................................মাতাঃ ...................................................................

জন্ম তারিখঃ ..............................................................................................................................

০১-০১-২০২৩ খ্রিঃ তারিখের বয়সঃ ............................বছরঃ ......................মাসঃ ........................দিনঃ ........................

পেশাঃ .......................................................................................................................................

বর্তমান ঠিকানাঃ ..........................................................................................................................

.................................................................................................................................................

স্থায়ী ঠিকানাঃ ............................................................................................................................

.................................................................................................................................................

নাগরিকত্বঃ .................................................................................................................................

এ মর্মে ঘোষণা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক প্লটের প্রয়োজন এবং আরো অঙ্গীকার করছি যে, আমার নিজের নামে / স্ত্রী / স্বামী / সন্তান / পোষ্যের নামে কিংবা বেনামে ইতোপূর্বে সাবেক গৃহসংস্থান অধিদপ্তর (বর্তমানে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) অথবা অন্য কোন সরকারি/আধাসরকারি / স্বায়ত্ত্বশাসিত সংস্থা হতে প্লট বরাদ্দ করা হয় নাই। আমি আরো অঙ্গীকার করছি যে, প্রসপেক্টাসের যাবতীয় শর্তাবলী এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক যথা সময়ে জারীকৃত সকল শর্তাবলী মেনে চলবো।

উর্পযুক্ত ঘোষনা সত্য ও নির্ভুল।

---------------------------
হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত,
তিনি আমার সম্মুখে স্বাক্ষর করেছেন।
আমি তার পরিচয়দানকারী।

------------------------------
নোটারী পাবলিক / প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট

-------------------------------------
এডভোকেট

.................................................................................................
বিদেশে চাকুরীরত / কর্মরত প্রার্থীদের জন্য সংশ্লিষ্ট দেশের নোটারী
পাবলিক / বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর

NHA

**জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ**
গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা।
www.nha.gov.bd

| আবেদনপত্রের ক্রমিক নম্বর | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |

অফিস কর্তৃক পূরণ করা হবে।

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীন ঝালকাঠি জেলার নলছিটি উপজেলায় আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প এর আবাসিক প্লট বরাদ্দের

# আবেদনপত্র

২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি

১ (এক) কপি সুদৃঢ়ভাবে আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে।

১। আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে বাংলায়): ..........................................................

ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে): ..........................................................

২। পিতার নাম: ..........................................................

৩। মাতার নাম: ..........................................................

৪। স্বামী / স্ত্রীর নাম: ..........................................................

৫। আবেদনকারীর জন্ম তারিখ: ..........................................................

৬। ০১.০১.২০২৩ তারিখে বয়স (বয়সের প্রমাণপত্র সংযুক্ত করতে হবে): .................. বছর.................... মাস..................দিন

৭। বর্তমান ঠিকানা: ..........................................................

মোবাইল নং: ........................................ ই-মেইল: ........................................

৮। স্থায়ী ঠিকানা: ..........................................................

মোবাইল নং: ........................................ ই-মেইল: ........................................

৯। জাতীয় পরিচয়পত্র / পাসপোর্ট নং: ..........................................................

১০। পেশার বিবরণ:

(ক) অফিস / সংস্থা / ব্যবসা প্রতিষ্ঠানের নাম: ..........................................................

(খ) পদের নাম: ..........................................................

(গ) বেতন স্কেল: ..........................................................

(ঘ) বর্তমান প্রাপ্ত বেতন স্কেল: ..........................................................

(ঙ) চাকুরিতে যোগদানের তারিখ: ..........................................................

(চ) বার্ষিক মোট আয়: ..........................................................

১১। ই টি আই এন নম্বর (যদি থাকে): ..........................................................

১২। প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নম্বর: ........................................তারিখ: ..............................

১৩। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর জমাকৃত পে-অর্ডার / ব্যাংক ড্রাফট নং: ..........................................................

টাকার পরিমাণ: ........................................তারিখ: ..............................

ব্যাংকের নাম: ........................................ শাখা: ..............................

১৪। যে আয়তনের প্লটের জন্য আবেদন করতে ইচ্ছুক তার পরিমাণ:

ঝালকাঠি জেলার নলছিটি উপজেলায় আবাসিক প্রকল্পের প্লটের ক্ষেত্রে জামানতের পরিমাণ:

☐ ৫.০০ কাঠা আয়তনের প্লটের জন্য = ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র।

☐ ২.৫০-৩.০০ কাঠার উর্দ্ধে আয়তনের প্লটের জন্য = ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা মাত্র।

১৫। হলফনামা সম্পাদনের তারিখ: ----------------------------------------------------------

১৬। আবেদনকারী বাংলাদেশের যে ব্যাংক হিসাবে সরাসরি (অনলাইন ব্যাংকিং সুবিধা থাকতে হবে) জামানত ফেরত পেতে আগ্রহী:

(ক) হিসাব নম্বর: ........................................ (খ) রাউটিং নম্বর: ........................................

(গ) ব্যাংকের নাম: ........................................ (ঘ) শাখা: ..............................

(ঙ) Swift Code (যদি থাকে): ..........................................................

আমি ঘোষণা করছি যে, আমার উপযুক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভুল এবং সত্য।

আবেদনের তারিখ: ☐☐☐☐☐☐☐☐

......................................

আবেদনকারীর স্বাক্ষর

(বিঃ দ্রঃ আবেদনপত্র পূরণ করার পূর্বে অনুগ্রহপূর্বক প্রসপেক্টাস মনোযোগ দিয়ে পাঠ করবেন)